দৈনিক বাংলা

তারিখ 2 1 APR 1993
পৃষ্ঠা ... কলাম ...

# ক্যাম্পাস থেকে অবৈধ অস্ত্র উদ্ধার

পুলিশ মঙ্গলবার ভোরে জগন্নাথ হলের পশ্চিম পাশে পরিত্যক্ত অবস্থায় একটি অবৈধ কাটাবন্দুক ও চার রাউন্ড গুলি উদ্ধার করে। পরে জগন্নাথ হল ছাত্র সংসদ ভবনের পাশে কলাগাছের কাছে পড়ে থাকা দুটি চাপাতি উদ্ধার করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অবৈধ অস্ত্র উদ্ধারের লক্ষ্যে পরিচালিত অভিযান চলাকালে এসব উদ্ধার করা হয়। এ ব্যাপারে রমনা থানায় ডায়রী হয়েছে।

এছাড়া টহল পুলিশ সোমবার রাতে জগন্নাথ হল ক্রসিংয়ে তাজা ককটেল ও রামদাসহ মনির হোসেন নামে এক যুবককে গ্রেফতার করে। এ ব্যাপারে মনিরের বিরুদ্ধে রমনা থানায় মামলা হয়েছে। খবর পুলিশের বিজ্ঞপ্তির।